দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 APR 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

14

জমিয়াতুল মোদার্রেসিন

# মাদ্রাসা ছাত্রদের কাছ থেকে চাঁদা আদায়

**স্টাফ রিপোর্টার।** জমিয়াতুল মোদার্রেসিন এবার মাদ্রাসা ছাত্রদের কাছ থেকে চাঁদা আদায় শুরু করেছে। মোদার্রেসিনের ছাত্র সংগঠন ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি)-এর নামে এই চাঁদ আদায় করা হচ্ছে। মোদার্রেসিনের প্যাডে বিভিন্ন মাদ্রাসার অধ্যক্ষদের কাছে

*(শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)*

## মাদ্রাসা ছাত্রদের

*(প্রথম পাতার পর)*

পাঠানো চিঠিতে সব দাখিল পরীক্ষার্থীর কাছ থেকে প্রবেশপত্র দেয়ার সময় দশ টাকা করে চাঁদা আদায় করতে নির্দেশ দেয়া হয়।

জমিয়াতুল মোদার্রেসিনের সিনিয়র সহ-সভাপতি মাওলানা এম এ ছালাম এবং মহাসচিব মাওলানা এম এ লতিফ স্বাক্ষরিত এই চিঠি গত ৩ এপ্রিল বিভিন্ন মাদ্রাসায় পাঠানো হয়। চিঠিতে বলা হয়, ছাত্ররা যাতে কোন রাজনৈতিক দলের লেজুড়বৃত্তি না করে এমন একটি 'মহৎ' উদ্দেশ্য নিয়ে ইসলামী ছাত্র পরিষদ গঠিত হয়। মাদ্রাসা ছাত্রদের সমস্যাবলী নিয়ে আইসিপি আন্দোলন করবে। আন্দোলন সফল করার জন্য প্রয়োজন প্রচুর অর্থের।

চিঠিতে বলা হয়, আইসিপি যেহেতু মোদার্রেসিনের ছাত্র সংগঠন' তাই এই সংগঠনকে সার্বিক সহযোগিতার প্রয়োজন রয়েছে। এ জন্যে ১৭ এপ্রিল অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষায় অংশগ্রহণকারী সব ছাত্র-ছাত্রীর কাছ থেকে প্রবেশপত্র দেয়ার সময় অবশ্যই যেন দশ টাকা করে নেয়া হয়।

চিঠিতে সংগৃহীত চাঁদা ইসলামী ছাত্র পরিষদের চলতি হিসাব নং-১৯৪৬, অগ্রণী ব্যাংক, মহাখালী অথবা চলতি হিসাব নং-২৪০৭, জনতা ব্যাংক মহাখালী এর অনুকূলে ব্যাংক ড্রাফট করে রেখে দিতে বলা হয়। আইসিপি'র কেন্দ্রীয় নেতৃবৃন্দের যে কোন একজন পরীক্ষা চলাকালে ড্রাফটটি নিয়ে আসবে। যিনি ড্রাফট নিতে আসবেন তার হাতে যাতায়াত ভাতা বাবদ আরও এক শ' টাকা দেয়ার জন্য চিঠিতে নির্দেশ দেয়া হয়।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক সমিতি মোদার্রেসিনের নামে চাঁদা চেয়ে মাদ্রাসার অধ্যক্ষ ও হল সচিবদের কাছে চিঠি পাঠানোর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। সমিতির মহাসচিব মাওলানা এসএম রুহুল আমিন, সহ-সভাপতি মাওলানা হাফিজুল্লাহ মোজাদ্দেদী, মাওলানা কাজী সৈয়দ মোঃ শরীয়াতুল্লাহ, মাওলানা নুর মোহাম্মদ রব্বানী প্রমুখ এক বিবৃতিতে বলেন; জমিয়াতের নামে নিরীহ অসহায় মাদ্রাসা শিক্ষকদের কাছ থেকে কোটি কোটি টাকা চাঁদা নিয়ে তাদের প্রতারণা করা হয়েছে। দৈনিক পত্রিকা প্রকাশের নামে চাঁদা আদায় করে শেষ পর্যন্ত সেই পত্রিকা ব্যক্তিগত মালিকানায় নিয়ে যাওয়া হয়। এখন আবার নতুন কৌশলে মাদ্রাসার গরিব ছাত্র-ছাত্রীদের কাছ থেকে লেজুড় সংগঠন আইসিপি'র নামে চাঁদা আদায় শুরু করেছে জমিয়াতুল মোদার্রেসিন। নেতৃবৃন্দ মোদার্রেসিন নামধারী সংগঠনকে কোন চাঁদা না দেয়ার জন্য মাদ্রাসার শিক্ষক, ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের প্রতি আহবান জানান। একই সঙ্গে এই হীন চক্রান্তকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের নিকট দাবি জানান।